



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বাসাইল, টাঙ্গাইল

Email: useobasail@gmail.com



স্মারক নং- উমাশিকা/বাসা/২০২৪/৮৯

তারিখ : ২৩/০৫/২০২৪ খ্রিঃ।

বিষয় : মার্থা লিন্ডষ্ট্রম নুরজাহান বেগম বালিকা উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত নির্বাচনী তফসিল ঘোষণা/বিজ্ঞপ্তি।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৩০.৯৩০৯.০০০.০৭.০০২.২৩-৪০৬

তারিখ : ২৩/০৫/২০২৪ খ্রিঃ।

এতদ্বারা উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক মার্থা লিন্ডষ্ট্রম নুরজাহান বেগম বালিকা উচ্চ বিদ্যালয়, ডাকঘর : করটিয়া, উপজেলা : বাসাইল, জেলা টাঙ্গাইল এর নতুন/পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের নিমিত্তে সকল শ্রেণির ভোটারবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০২৪ এর ম্যানেজিং কমিটি গঠন বিষয়ক প্রবিধান (১৯৬১) বিধান মোতাবেক নিম্নোক্ত সদস্য পদ পূরণার্থে তথা নির্বাচনের লক্ষ্যে নিম্নে বর্ণিত নির্বাচনী তফসিল/কার্যবিবরণী অনুসারে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে সহায়তাদানের জন্য সকল শ্রেণির ভোটারবৃন্দের বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ক্রঃ নং	সদস্য পদের নাম	প্রবিধান অনুসৃত বিধিমালা	পদের সংখ্যা	মন্তব্য
০১	অভিভাবক সদস্য পদ	১০(১)(চ) নং বিধান	০৪(চার)	-
০২	সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য পদ	১০(১)(জ) নং বিধান	০১ (এক)	-
০৩	সাধারণ শিক্ষক সদস্য পদ	১০(১)(খ) নং বিধান	০২(দুই)	-
০৪	সংরক্ষিত মহিলা শিক্ষক সদস্য পদ	১০(১)(ঘ) নং বিধান	০১(এক)	-
০৫	প্রতিষ্ঠাতা সদস্য পদ	১০(১)(ঞ) নং বিধান	০১(এক)	-
০৬	দাতা সদস্য পদ	১০(১)(ট) নং বিধান	০১(এক)	-

ঘোষিত তফসিল নিম্নরূপ

ক্রঃ নং	কার্যবিবরণী	নির্ধারিত তারিখ ও সময়	বিধিমালা	স্থান	মন্তব্য
০১	মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদানের তারিখ	২৯/০৫/২০২৪, ৩০/০৫/২০২৪ এবং ০২/০৬/২০২৪ সকাল ১০টা হতে ০৪টা	২২(২)(ক) নং বিধান অনুসারে	অত্র বিদ্যালয় / প্রিজাইডিং অফিসারের কার্যালয়	-
০২	মনোনয়ন পত্র বাছাই ও বৈধ তালিকা প্রকাশের তারিখ	০৩/০৬/২০২৪ সকাল ১১টা	২২(২)(খ) নং বিধান অনুসারে	প্রিজাইডিং অফিসারের কার্যালয়	-
০৩	বাছাইকৃত বৈধ সকল শ্রেণির মনোনয়ন পত্র প্রত্যাহারের তারিখ	০৬/০৬/২০২৪ সকাল ১০টা হতে ০৪টা	২২(২)(গ) নং বিধান অনুসারে	অত্র বিদ্যালয় / প্রিজাইডিং অফিসারের কার্যালয়	-
০৪	নির্বাচন অনুষ্ঠানের তারিখ	২০/০৬/২০২৪ সকাল ১০টা হতে বিরতিহীন ভাবে ০৪টা পর্যন্ত	২২(২)(ঙ) নং বিধান অনুসারে	অত্র বিদ্যালয়	-

২২(৩) নং বিধান অনুসারে সকল শ্রেণির সদস্য পদে নির্বাচন একযোগে এবং একই সময়ে অনুষ্ঠিত হবে। সকল পদে নির্ধারিত ফরম-২ আবেদন করতে হবে। নির্বাচনী প্রচার কাজে জনসংযোগ ব্যতীত কোন প্রকার মিছিল, জনসভা, মাইকিং বা মোটর শোভাযাত্রা করা যাবে না। ৫.৫ ইঞ্চি X ৮.৫ সাদাকালো পোষ্টার ব্যতীত রঙ্গীন বা অধিক মাপের পোষ্টার প্রকাশ করা যাবে না। সকল শ্রেণির জন্য মনোনয়ন পত্র বিদ্যালয় চলাকালীন সময়ে প্রধান শিক্ষক ও প্রিজাইডিং অফিসারের নিকট হতে ২৩(২) প্রবিধান মোতাবেক নির্ধারিত খরিদ মূল্যে গ্রহণ করা যাবে।

(মোঃ মতিউর রহমান খান)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

প্রিজাইডিং অফিসার

মার্থা লিন্ডষ্ট্রম নুরজাহান বেগম বালিকা উচ্চ বিদ্যালয়
বাসাইল, টাঙ্গাইল।

তারিখ : ২৩/০৫/২০২৪ খ্রিঃ।

স্মারক নং- উমাশিকা/বাসা/২০২৪/ ৮৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

০১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।

০৪। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।

০৫। প্রধান শিক্ষক, মার্থা লিন্ডষ্ট্রম নুরজাহান বেগম বালিকা উচ্চ বিদ্যালয়।

(সর্বশেষ প্রবিধানমালা-২০২৪ মোতাবেক তপসিলটি বহুল প্রচার সহ বিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড ও নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধ সহ)।

০৬। নোটিশ বোর্ড।

০৭। অফিস কপি।

(মোঃ মতিউর রহমান খান)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

প্রিজাইডিং অফিসার

মার্থা লিন্ডষ্ট্রম নুরজাহান বেগম বালিকা উচ্চ বিদ্যালয়,
বাসাইল, টাঙ্গাইল।